# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

১.► একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে সমাজবিজ্ঞানের উদ্ভব ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগের পূর্বে সম্ভব হয়নি। যদিও সমাজ সম্পর্কিত চিন্তার ইতিহাস, সমাজের অতি প্রাচীন। সমাজ বিজ্ঞান একটি পূর্ণাঙ্গ এবং স্বতন্ত্র সামাজিক বিজ্ঞান হিসেবে গড়ে ওঠার পেছনে যে সমস্ত চিন্তাবিদদের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান রয়েছে, তাদের মধ্যে তিনি নিঃসন্দেহে অন্যতম। যিনি ১৭৯৮ সালে ফ্রান্সে জন্মগ্রহণ করেন।

ক. কোন শব্দ থেকে 'Sociology' শব্দের উৎপত্তি? ১

খ. আসাবিয়া বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে, তার বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত সমাজ বিজ্ঞানী সমাজবিকাশের যে তিনটি স্তরের কথা বলেছেন? তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

২.►




ক. 'সমাজ বিজ্ঞান হচ্ছে প্রতিষ্ঠানের বিজ্ঞান'— সংজ্ঞাটি কোন সমাজবিজ্ঞানীর? ১


খ. 'সমাজ বিজ্ঞান হলো সমাজের পূর্ণাঙ্গ পাঠ— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে কোন উপাদান বসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজ ও সভ্যতার অগ্রগতি সাধনে উক্ত উপাদানটির প্রভাব অনস্বীকার্য— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶





ক. 'মিথ্যার অপনোদন ও সত্যের আবিষ্কারই হলো শিক্ষা'— উক্তিটি কার? ১
খ. জেন্ডার ধারণাটি বর্তমান সময়ে খুবই গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে কী হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি জীবনের সবচেয়ে মূল্যবান সম্পদ— বিশ্লেষণ কর। ৪

৪.▶




ক. AL-Umran বা সংস্কৃতি বিজ্ঞান ধারণাটি কার? ১
খ. সামাজিক নিরাপত্তার ধারণাটি অত্যন্ত সময়োপযোগী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোন মতবাদটির অন্যতম প্রবক্তা হলেন রুশো হবস ও জন লক? উক্ত মতবাদটির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
ঘ. '?' চিহ্নিত স্থানে কোন প্রতিষ্ঠানটি হবে? উক্ত প্রতিষ্ঠানটির ক্ষেত্রে সর্বাপেক্ষা গ্রহণযোগ্য মতবাদ কোনটি এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৫.▶




ক. সামাজিক গতিশীলতাকে কয়টি ভাগে ভাগ করা যায়? ১
খ. সংঘ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চিত্র 'ক' ও চিত্র 'খ'— এ কোন কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? তার প্রকৃত রূপ ব্যাখ্যা কর। ৩

teachingbd24.com

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যকার বৈসাদৃশ্য মূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬.▶ মিথান একটি প্রতিষ্ঠানের কার্যাবলি সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে এর জৈবিক কাজ, অর্থনৈতিক কাজ, ধর্মীয় কাজের কথা বর্ণনা করেন। তিনি বলেন, এটি এমন সংগঠন যার সদস্যরা একত্রে বসবাস করে এবং সদস্যদের মাঝে সম্পত্তি উত্তরাধিকার বণ্টন হয়।

ক. সামাজিকীকরণের সবচেয়ে শক্তিশালী মাধ্যম কোনটি? ১

খ. বিশ্বায়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে যে বিষয়টির প্রতিফলন ঘটেছে তার প্রকারভেদ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির জৈবিক ও অর্থনৈতিক কাজের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭.▶ কোরীয় উপদ্বীপের উত্তর অংশনিয়ে উত্তর কোরিয়া ও দক্ষিণ অংশ নিয়ে দক্ষিণ কোরিয়া রাষ্ট্র গঠিত। কিন্তু এ দুটি রাষ্ট্রের মধ্যে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। উত্তর কোরিয়ার অর্থনৈতিক ব্যবস্থা (উৎপাদন, সম্পদ, বণ্টন, ভোগ) পরিচালিত হয় সমাজতান্ত্রিক পদ্ধতিতে। পাশাপাশি সমাজ ও সমাজকাঠামোর মধ্যে সাম্য প্রতিষ্ঠার জোর দেওয়া হয়। অপরদিকে দক্ষিণ কোরিয়ার সমাজ ও সমাজ কাঠামোতে প্রতিযোগিতা, যোগ্যতা, ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দেয়া হয়, ফলে স্বাভাবিকভাবে সেখানে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা গড়ে উঠেছে।

ক. উৎপাদন, বণ্টন, ভোগ সবই কোন শাস্ত্রের মূল প্রতিপাদ্য বিষয়? ১

খ. কাঠামোবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সমাজ বিজ্ঞানের সাথে কোন বিষয়ের সম্পর্ক দেখানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের সাথে সমাজবিজ্ঞানের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৮.▶ সুজন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে একটি প্রকাশনীতে চাকরি নেয়। কর্মক্ষেত্রে দায়িত্ব ও নিষ্ঠার সাথে কাজ করলেও উচ্চপদস্থ কর্মকর্তার সাথে তার বনিবনা হয় না। সুজন মনে করে তাকে তার প্রাপ্য মর্যাদা থেকে বঞ্চিত করা হয়। এজন্য সে অন্য একটি প্রকাশনীতে একই পদমর্যাদায় ও একই বেতনে যোগদান করে। সে মনে করে বর্তমানে এই কোম্পানি তাকে তার প্রাপ্য মর্যাদা দিচ্ছে।

ক. সম্প্রদায় কী? ১

খ. সংস্কৃতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সুজনের ক্ষেত্রে কোন ধরনের সামাজিক গতিশীলতা পরিলক্ষিত আরও বৃদ্ধি পাবে? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের মতো পরিস্থিতিতে সামাজিক গতিশীলতা আরও বৃদ্ধি পাবে? তোমার বক্তব্যটি ব্যাখ্যা কর। ৪

৯. ▶ সেলিম সাহেব একজন সরকারি কর্মচারী। তিনি কাজের বিনিময়ে তার ক্লায়েন্টদের নিকট থেকে উপহারস্বরূপ কিছু টাকা গ্রহণ করেন। এছাড়া তিনি বাড়িতে বৃদ্ধ পিতামাতার ঠিকমত খোঁজখবর নেননা। ধর্মীয় আচার সম্পর্কেও তিনি উদাসীন।

ক. 'Cultural Sociology' গ্রন্থটি কার লেখা? ১

খ. বিচ্যুতিমূলক আচরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সেলিম সাহেবের কাজের বিনিময়ে উপহার গ্রহণ কী অপরাধ? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেলিম সাহেবের সকল কর্মকাণ্ড অপরাধ নয়— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০. ▶ এনামুল একটি প্রাইভেট ব্যাংকে চাকরি পাওয়ার পর লিজাকে বিয়ে করে পিতামাতা থেকে আলাদা হয়ে একত্রে বসবাস করছে। বিয়ের দুবছর পার হলে তাদের একটি ছেলে হয়। এনামুল ও লিজার আদর যত্নে ছেলেটি বেড়ে উঠতে থাকে। লেখাপড়া, খেলাধুলা, নীতি-নৈতিকতা সব বিষয়ে তারা তাদের ছেলেকে সহযোগিতা করে।


ক. পরিবারের জৈবিক কাজ কী? ১

খ. পরিবারকে শিশুর প্রাথমিক শিক্ষালয় বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের পরিবারটি কোন ধরনের পরিবার? সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ কর। ৩

ঘ. এনামুল ও লিজা কেমন পারিবারিক কার্যাবলি সম্পাদন করে তা বিশ্লেষণ কর। ৪

১১. ▶




ক. বিবর্তন শব্দের প্রবক্তা কে? ১

খ. প্রগতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সামাজিক পরিবর্তনে কোন উপাদানের উপস্থিতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপাদানগুলো অর্থনৈতিক কাঠামোর ওপর কীরূপ প্রভাব ফেলে বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: ১ ১ ৭

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. সামাজিক বিষয়াদি অধ্যয়নে অভিজ্ঞতাবাদী পদ্ধতির কথা কে বলেছেন?

ক) ম্যাক্স ওয়েবার খ) স্পেন্সার
গ) মার্কস ঘ) রুশো

২. মানব মনে বিদ্যমান ইড, ইগো এবং সুপার ইগোর প্রভাব ও ঘাত প্রতিঘাতে ব্যক্তিত্ব গড়ে ওঠে-মতটি কার?

ক) মার্কস-এর খ) ডারউইন-এর
গ) মর্গান-এর ঘ) ফ্রয়েড-এর

৩. গবেষণায় সংগৃহীত তথ্যকে বিশেষ নিয়মে সাজানোকে কী বলে?

ক) তথ্য সংগ্রহ
খ) পর্যবেক্ষণ
গ) তথ্যের শ্রেণিবিন্যাস
ঘ) তথ্যের সত্যতা যাচাই

৪. 'জীবনযুদ্ধে যারা যোগ্য তারাই টিকে থাকে, অযোগ্যরা বিলুপ্ত হয়ে যায়' উক্তিটি কার?

ক) অগাস্ট কোঁৎ-এর
খ) কার্ল মার্কস-এর
গ) চার্লস লর্ড-এর
ঘ) ডারউইন-এর

৫. লুইস হেনরি মর্গান এর যুগান্তকারী গ্রন্থের নাম কী?

ক) Positive Philosophy
খ) The Prince
গ) Ancient Society
ঘ) The Republic

৬. 'আল-উমরান' শব্দের অর্থ কী?

ক) ইতিহাস খ) সংস্কৃতিবিজ্ঞান
গ) রাষ্ট্রীয় বিজ্ঞান ঘ) সমাজবিজ্ঞান

৭. সমাজ হচ্ছে সামাজিক সম্পর্কের জাল বিশেষ যা সতত পরিবর্তনশীল- উক্তিটি কার?

ক) স্পেন্সার-এর খ) পোপেনো-এর
গ) মার্কস-এর ঘ) ম্যাকাইভার-এর

৮. ভালো-মন্দ, ঠিক-বেঠিক, কাঙ্ক্ষিত-অনাকাঙ্ক্ষিত বিষয় সম্পর্কে সমাজের সদস্যদের যে ধারণা তার নামই-

ক) আদর্শ খ) নীতি
গ) প্রথা ঘ) মূল্যবোধ

৯. নৃগোষ্ঠীসমূহের বিভিন্নতার জন্যে কোন উপাদানটি বিশেষভাবে দায়ী?

ক) সাংস্কৃতিক উপাদান
খ) সামাজিক উপাদান
গ) ভৌগোলিক উপাদান
ঘ) জৈবিক উপাদান

১০. বাংলাদেশের সিলেট অঞ্চলে অধিক পরিমাণ চায়ের চাষ হওয়ার প্রধান কারণ কোনটি?

ক) গ্রীষ্মপ্রধান অঞ্চল হওয়া
খ) শীতপ্রধান অঞ্চল হওয়া
গ) প্রচুর পরিমাণ বৃষ্টিপাত হওয়া
ঘ) পাহাড়িয়া অঞ্চল হওয়া

১১. সমাজ ও সভ্যতার বিকাশ ত্বরান্বিত হওয়ার মূল কারণ কী?

ক) শিক্ষার মান বৃদ্ধি পাওয়া
খ) উৎপাদন কৌশলে পরিবর্তন আসা
গ) বৈজ্ঞানিক আবিষ্কার
ঘ) রোগ-ব্যাধি নিরাময়ের জন্য

১২. বাংলাদেশে কোন উপজাতিদের মধ্যে মাতৃপ্রধান পরিবারের বৈশিষ্ট্য লক্ষ করা যায়?

ক) গারো খ) সাঁওতাল
গ) খাসিয়া ঘ) চাকমা

১৩. একজন পুরুষের সাথে একাধিক স্ত্রী লোকের বিয়ের ভিত্তিতে গঠিত পরিবারকে কী বলে?

ক) এক বিবাহভিত্তিক পরিবার
খ) বহু স্ত্রী বিবাহভিত্তিক পরিবার
গ) বহু স্বামী বিবাহভিত্তিক পরিবার
ঘ) দলগত বিবাহভিত্তিক পরিবার

১৪. কোন সমাজবিজ্ঞানী সামাজিক স্তরবিন্যাসকে নিয়ন্ত্রিত অসাম্য বলে আখ্যা দিয়েছেন?

ক) সরোকিন খ) মার্কস
গ) মেরিল ঘ) অগবার্ন ও নিমকফ

১৫. জাতিবর্ণ কোন ধরনের সামাজিক গোষ্ঠী?

ক) অন্তর্গোত্র বিবাহভিত্তিক
খ) বহির্গোত্র বিবাহভিত্তিক
গ) একক বিবাহভিত্তিক
ঘ) কোনোটিই নয়

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. সম্পত্তি বলতে কোন বিষয়বস্তুকে বুঝায়?
ক) অর্থনৈতিক ব্যবস্থার
খ) রাজনৈতিক ব্যবস্থার
গ) সামাজিক ব্যবস্থার
ঘ) ধর্মীয় ব্যবস্থার

১৭. সম্পত্তির বিনিময় মূল্য থাকার কারণ কোনটি?
ক) সম্পত্তির উপযোগিতা থাকা
খ) সম্পত্তির চাহিদা থাকা
গ) সম্পত্তির মূল্য থাকা
ঘ) সম্পত্তির হস্তান্তরযোগ্যতা থাকা

১৮. পুঁজিবাদ বিকাশের জন্যে যে সব শর্তের উপস্থিতি স্বীকার্য হলো-
i. সমাজের সব মানুষের হাতে বিস্তর সম্পদ
ii. গুটিকতক মানুষের হাতে কুক্ষিগত সম্পদ
iii. নিম্নে ছিন্নমূল জনগণের আবির্ভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৯. মার্কসের মতে সমাজ পরিবর্তনের মূল কারণ হলো-
i. উৎপাদন যন্ত্রের উন্নতি
ii. উৎপাদন সম্পর্কের মধ্যে পরিবর্তন
iii. উৎপাদন উপকরণের সহজলভ্যতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. রাষ্ট্রের উৎপত্তি ব্যাখ্যায় সাধারণ ইচ্ছার প্রত্যয়টি কে ব্যবহার করেন?
ক) হবস  খ) লক
গ) রুশো  ঘ) প্লেটো

২১. ফিলিস্তিন রাষ্ট্রের নির্দিষ্ট ভূখণ্ড থাকা সত্ত্বেও রাষ্ট্র হিসবে স্বীকৃতি না পাওয়ার কারণ।
ক) স্থায়ী জনসমষ্টির অভাব
খ) সরকার গঠনের অভাব
গ) সার্বভৌমত্বের অভাব
ঘ) কোনোটিই নয়

২২. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত কোন মতবাদে অনুমানের আশ্রয় নেওয়া হয়েছে?
ক) ঈশ্বরের সৃষ্টি মতবাদ
খ) সামাজিক চুক্তি মতবাদ
গ) শক্তি প্রয়োগ মতবাদ
ঘ) বিবর্তনবাদী মতবাদ

২৩. The Protestant Ethic and the Spirit of Capitalism গ্রন্থটির লেখক কে?
ক) ডুর্খেইম  খ) মার্কস
গ) ওয়েবার  ঘ) রবার্টসন

২৪. কোনটির কতিপয় নির্দিষ্ট বৈশিষ্ট্য বা প্রকৃতি রয়েছে?
ক) বিচ্যুতি  খ) শাস্তি
গ) অপরাধ  ঘ) ঐতিহ্য

২৫. শাসক ও অশাসক এলিট এর চক্রাকার আবর্তন প্রক্রিয়ার তত্ত্বটি কে দিয়েছেন?
ক) সরোকিন  খ) প্যারেটো
গ) মার্কস  ঘ) স্পেংলার

২৬. সমাজজীবনের অর্থনৈতিক অঙ্গনে ব্যাপক পরিবর্তনের ফলে কী হয়?
ক) জনসংখ্যা বৃদ্ধি পায়
খ) দরিদ্রতা হ্রাস পায়
গ) জীবনযাত্রার মান উন্নত হয়
ঘ) শিক্ষার হার বৃদ্ধি পায়

২৭. উন্নয়ন শব্দটি কীরূপ?
ক) একমাত্রিক  খ) দ্বিমাত্রিক
গ) ত্রিমাত্রিক  ঘ) বহুমাত্রিক

২৮. 'Primitive Culture' গ্রন্থটি কার?
ক) কার্ল মার্কস  খ) ম্যাগুলিন
গ) টেইলর  ঘ) স্পেন্সার

২৯. বিবর্তন হলো-
ক) স্বয়ংক্রিয় পরিবর্তন প্রক্রিয়া
খ) অচেতন পরিবর্তন প্রক্রিয়া
গ) অপরিকল্পিত পরিবর্তন প্রক্রিয়া
ঘ) 'ক' ও 'খ' দুইটি

৩০. সামাজিক পরিবর্তনের প্রত্যয়টি কীরূপ?
ক) অসম্পূর্ণ  খ) রূপক
গ) ক্ষুদ্র  ঘ) ব্যাপক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com